

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০০৭.২৩- ৯২৬৪০

তারিখ: ২০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ


বিজ্ঞপ্তি

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধীনে ওয়্যারলেস মেকানিক, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহায়ক, মাষ্টার ড্রাইভার (মেরিন), ইঞ্জিন ড্রাইভার (মেরিন), স্পীডবোট ড্রাইভার, মোন্ডার, ওয়েন্ডার, ওয়ার্কশপ হেলপার ও মুচি পদে জনবল নিয়োগের নিমিত্ত ০৭.০৪.২০২৫ তারিখের ৫৮.০৩.০০০০.০০২. ১১.০০৭.২৩-৩৮৫৭ নং স্মারক মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকা ২টি বাংলা (দৈনিক আমার দেশ, দৈনিক যুগান্তর) ও ১টি ইংরেজি (The New Age) এবং এ অধিদপ্তরের ওয়েবসাইটে (www.fireservice.gov.bd) এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়। উক্ত পদসমূহে নিয়োগের নিমিত্ত গত ০৪.১০.২০২৫ তারিখ লিখিত পরীক্ষা গ্রহণ করা হয় অতপর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষা ০৪.১১.২০২৫ তারিখ গ্রহণ করা হয়। উক্ত পরীক্ষাসমূহে উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

ক্রম	পদের নাম	লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর	মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ ও সময়	স্থান
১.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	20710171 হতে 20714922 পর্যন্ত মোট ১৩ জন	১১.১১.২০২৫ তারিখ মঙ্গলবার সকাল ৮.০০ টা	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কাজী আলাউদ্দিন রোড, ঢাকা
২.	ওয়্যারলেস মেকানিক	20610001 হতে 20610103 পর্যন্ত মোট ০৮ জন		
৩.	অফিস সহায়ক	21310200 হতে 21312480 পর্যন্ত মোট ১৫ জন		
৪.	মাষ্টার ড্রাইভার (মেরিন)	20110001 হতে 20110003 পর্যন্ত মোট ০৩ জন		
৫.	ইঞ্জিন ড্রাইভার (মেরিন)	20210001 হতে 20210010 পর্যন্ত মোট ০৫ জন		
৬.	স্পীডবোট ড্রাইভার	20310001 হতে 20310002 পর্যন্ত মোট ০২ জন		
৭.	মোন্ডার	20510002 হতে 20510023 পর্যন্ত মোট ১১ জন	১২.১১.২০২৫ তারিখ বুধবার সকাল ৮.০০ টা	
৮.	ওয়েন্ডার	21110004 হতে 21110089 পর্যন্ত মোট ১৪ জন		
৯.	ওয়ার্কশপ হেলপার	21210007 হতে 21210237 পর্যন্ত মোট ১১ জন		
১০.	মুচি	21410003 হতে 21410068 পর্যন্ত মোট ০৬ জন		

০২। বিশেষ দৃষ্টব্য (নিম্ন বর্ণিত কাগজপত্র সংশ্লে আনতে হবে):

- পরীক্ষায় অংশগ্রহণের সময় লিখিত পরীক্ষার প্রবেশপত্র ও আবেদন কপি সংশ্লে আনতে হবে। প্রবেশপত্র ব্যতীত কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি ও সত্যায়িত ফটোকপি আনতে হবে।
- জাতীয় পরিচয়পত্র (এনআইডি কার্ড), পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদের মূল কপি ও সত্যায়িত ফটোকপি আনতে হবে।
- সত্যায়িত করে সদ্য তোলা ০২(দুই) কপি ছবি আনতে হবে।
- মুক্তিযোদ্ধার কোটার পুত্র-কন্যার জন্য পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের মূলকপি এবং মুক্তিযোদ্ধা গেজেট, মুক্তিবার্তার সত্যায়িত ফটোকপি। মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক প্রমাণের জন্য পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি আনতে হবে।
- কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র ও সত্যায়িত ফটোকপি আনতে হবে।
- ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদসহ সকল সনদ এবং আবেদনপত্রসহ সকল মূল সনদের ০১ (এক) সেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সীল থাকতে হবে।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন ভাষা বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোঃ হুসৈন ইসলাম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ও সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি